# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**06 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) নির্বাচন কমিশনের আসাম , পশ্চিমবংগ , কেরলম , তামিলনাড়ু ও পদুচেরীতে নতুন বিধানসভা গঠনের জন্য বিজ্ঞপ্তী জারি ।

২) মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের আসম বিধানসভা নির্বাচনে জয়লাভ করা প্রার্থীদের সম্পূর্ন তালিকা রাজ্যপালকে অর্পন ।

৩) ড: হিমন্ত বিশ্ব শর্মার রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যকে পদত্যাগপত্র দাখিল । এবং

৪) অসম গণ পরিষদের বিধায়িনী দলের বৈঠকে অতুল বরাকে দলপতিকে হিসেবে বাছাই ।

-----------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসাম ,পশ্চিমবঙ্গ ,কেরালা ,তামিলনাড়ু ও পুদুচেরীতে নির্বাচনী প্রক্রিয়া সম্পূর্ন হবার পরিপ্রেক্ষিতে নতুন বিধানসভা গঠনের জন্য বিজ্ঞপ্তি জারী করেছে । সংশ্লিষ্ট রাজ্যগুলির রাজ্যপাল ও উপ-রাজ্যপালের প্রতি এই বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে যে নির্বাচনী ফলাফল ঘোষণা করার পর এভাবে বিজ্ঞপ্তি জারী করা অন্যতম সাংবিধানিক পদক্ষেপ । এরমাধ্যমে রাজ্যে বিধানসভা গঠনের প্রক্রিয়া আরম্ভ হয় বলে সূত্রে জানানো হয়েছে । কমিশন বলেছে যে সব নীতি নির্দেশ পালন করে রাজ্যসমূহে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত করা হচ্ছে । সমগ্র প্রক্রিয়া স্বচ্ছ ,সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে তথা সাংবিধানিক নীতি-নিয়ম রক্ষা করে রূপায়ন করা হয়েছে বলে কমিশন জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হোয়ার পর রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ নির্বাচনে জয়লাভ করা প্রার্থীদের সম্পূর্ন তালিকা রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যকে আনুষ্ঠানিকভাবে অর্পন করেন । শ্রী গোয়েলের নেতৃত্বে একটি দল রাজ্যপালের সংগে সাক্ষাৎ করে ১২৬ জনের আসাম বিধানসভার নবনির্বাচিত সদস্যদের তালিকাটি দাখিল করেন ।জনপ্রতিনিধির এই তালিকা পাওয়ার পর রাজ্যপাল নতুন সরকার গঠন করার জন্য সংখ্যাগরিষ্ঠ দলটিকে শপথ গ্রহণের জন্য আনুষ্ঠানিকভাবে আমন্ত্রন জানাবেন । রাজ্যপালের এই আমন্ত্রন ভারতীয় জনতা পার্টি ই লাভ করবে । উল্লেখ্য  এবারের নির্বাচনে বিজেপি একাই ৮২ টি আসন লাভ করেছে । অন্যদিকে এন ডি এ মিত্রজোটের সহযোগী অগপ  ও বিপিএফ ১০ টি করে আসন লাভ করেছে ।

এদিকে বিজেপির প্রবীন নেতা  ড: হিমন্ত বিশ্ব শর্মা সাংবিধানিক নিয়ম রক্ষা করে আজ রাজ্যপালের কাছে পদত্যাগপত্র দাখিল করেন ।এর সংগে সংগে পঞ্চদশ বিধানসভা আনুষ্ঠানিকভাবে ভেংগে দেওয়া হয় । নতুন সরকার গঠন না হোয়া পর্যন্ত বর্তমান মন্ত্রীসভাকে তত্বাবধায়ক সরকার হিসেবে কার্যনিবর্বাহ করতে রাজ্যপাল পরামর্শ প্রদান করেন । পদত্যাগপত্র  দাখিল করে ড: শর্মা বলেন -----

বাইট

উল্লেখ্য বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব আসামে বিধায়িনী দলের নেতা বাছাই করার জন্য কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডাকে পর্যবেক্ষক ও হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনীকে সহ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করেছে ।

নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণ নিয়ে প্রস্তুতি চলাকালীন বিধানসভা সচিবালয় আগামী ১৮ ই মে থেকে আসাম বিধানসভার অধিবেশন অনুষ্ঠিত হোয়ার সম্ভাবনার কথা উল্লেখ করেছে । ষোড়শ আসাম বিধানসভা গঠনের জন্য তিনদিনব্যাপী অনুষ্ঠেয় অধিবেশনে সব নবনির্বাচিত বিধায়ক, বিধায়িকারা শপথ গ্রহণ করবেন । এর আগে রাজ্যপাল অস্থায়ী অধ্যক্ষ হিসেবে একজনকে শপথবাক্য পাঠ করাবেন ও সেই অধ্যক্ষ বিধানসভায় অন্য বিধায়কদের শপথবাক্য পাঠ করাবেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা নির্বাচনে ২ লক্ষ ৬৭ হাজার ১৯১ জন ভোটদাতা নোটাতে ভোটদান করেছে । মোট ভোটদানের মধ্যে এই হার ১ দশমিক ২-৩ শতাংশ । বরপেটা বিধানসভা কেন্দ্রে সর্বাধিক ৫ হাজার ১৯৫ টি নোটাতে ভোটদান হয়েছে বলে নির্বাচন

কমিশন সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য নির্বাচন অনুষ্ঠিত হওয়া ১২৬ টি বিধানসভা কেন্দ্রের সবকটিতে নোটাতে ভোটদান হয়েছে বলে কমিশন সূত্রে জানানো হয়েছে ।

---

সদ্যসমাপ্ত আসাম বিধানসভা নির্বাচনে আশানুরূপ ফল না হবার বিষয়টি পর্যালোচনা করার জন্য আসাম প্রদেশ কংগ্রেস কমিটি আগামী শনিবার অর্থাৎ ৯ মে গৌহাটীতে এক গুরুত্বপূর্ন সভা আহ্বান করেছে । আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ এবিষয়ে অবগত করেন । সেইসঙ্গে তিনি জানান যে পর্যালোচনা সভায় দলের বিজয়ী প্রার্থী সহ বিভিন্ন বিধানসভা কেন্দ্রের দলের হয়ে নির্বাচনে অবতীর্ন হওয়া অন্য প্রার্থীদেরও উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে । লোকসভার বিরোধী দলের উপ-দলপতি গৌরব গগৈ এবারের বিধানসভা নির্বাচনে নিজের তথা দলের পরাজয় স্বীকার করে তৃতীয়বারের জন্য শাসনে প্রত্যাবর্তন করা বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ মিত্রজোটকে শুভেচ্ছা জানানো সহ রাজ্যবাসীকে দেওয়া প্রতিশ্রুতি পালন করার আহ্বান জানান ।

---

অসম গণ পরিষদ দলের বিধায়িনী দলের এক গুরুত্বপূর্ন বেঠক আজ আমবারীর কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয় । অতুল বরার পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে দলটির কার্যকরী সভাপতি কেশব মহন্ত , সাংসদ ফনীভূষণ চৌধুরী সহ বিধানসভা নির্বাচনে জয়লাভ করা ১০ জন প্রার্থী ছাড়া ও অন্যান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন । বৈঠকে নব নির্বাচিত বিধায়কদের সম্বর্ধনা জানানো জয় ।বেশ কয়েক ঘন্টা আলোচনা হোয়ার পর দলটির পর্যবেক্ষক বীরেন্দ্র প্রসাদ বৈশ্য অতুল বরাকে বিধায়িনী দলের নেতা ও কার্যকরী সভাপতি হিসেবে থাকা কেশব মহন্তকে উপ দলপতি হিসেবে বাছাই করা হয় । একইভাবে দলের সাধারণ সম্পাদক তথা ডিমরীয়া আসন থেকে নবনির্বাচিত বিধায়ক ড: তপন দাসকে দলের সচিব ও বজালীর নব নির্বাচিত বিধায়ক ধর্মেশ্বর রায়কে মুখ্য সচেতকের দায়িত্ব অর্পন করা হয় । বৈঠকে নবনির্বাচিত বিধায়করা তাদের কেন্দ্রসমূহের উন্নয়নের জন্য নি:স্বার্থভাবে কাজ করে যাওয়ার সংকল্প গ্রহণ করেন ।

বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া এই বৈঠকে অংশ গ্রহন করে মিত্র দলটির প্রার্থীদের শুভেচ্ছা জ্ঞাপন করেন । এছাড়া তিনি দলের নেতাদের সংগে মত বিনিময় কার্যসূচীতে ও অংশ নেন ।

---

পশ্চিমবঙ্গে নতুন বি জে পি সরকার আগামী ৯ মে শপথগ্রহণ করবে । রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে ব্রীগেড

প্যারেড গ্রাউন্ডে আগামী শনিবার সকাল ১০ টায় শপথগ্রহণ অনুষ্ঠান আরম্ভ হবে । শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সহ বিজেপিশাসিত রাজ্যসমূহের বেশকয়েকজন মূখ্যমন্ত্রী উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে বলে দলীয় সূত্রে জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রী ড : মনসুক মান্ডভিয়া আগামীকাল নতুন শ্রম সংহিতার অধীনে ৪০ বছর বয়সের বেশী কর্মচারীদের জন্য সমগ্র দেশজুড়ে বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা কার্যসূচীর সূচণা করবেন । নতুনদিল্লীর কর্মচারী রাজ্য বীমা নিগম অর্থাৎ ই এস আই সি চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালে এই কার্যসূচী আনুষ্ঠানিকভাবে শুভারম্ভ করা হবে । দেশের অন্যান্য রাজ্যের ১১ টি ই এস আই সি চিকিৎসালয়ে এই কার্যসূচী গ্রহণ করা হবে । শ্রম মন্ত্রী , সাংসদ তথা সংশ্লিষ্ট রাজ্যগুলির বিধায়ক তথা অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা এই কাযরসূচীতে অংশ গ্রহণ করবেন ।

---

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা কমিটির পক্ষ থেকে গতকাল রাতে হাইলাকান্দি শহরে বিজয় শোভাযাত্রা বের করা হয় । শোভাযাত্রায় নব নির্বাচিত বিধায়ক ডক্টর মিলন দাস সহ সাংসদ কৃপানাথ মালা ও দলীয় কর্মকর্তারা উপস্থিত ছিলেন । এদিকে নব নির্বাচিত বিধায়ক ডক্টর দাসকে আজ হাইলাকান্দি জেলার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়েছে । উল্লেখ্য হাইলাকান্দি জেলায় দীর্ঘ ৩৫ বছর পর ভারতীয় জনতা পার্টির প্রার্থী বিজয়ী হয়েছেন ।

এদিকে কাছাড় জেলার ধলাই বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত মণিয়ারখাল গ্রামেও গতকাল অমিয় কান্তি দাসের সর্মথনে বিজয় মিছিল বের করা হয় ।

---

সমগ্র দেশের সঙ্গে আসামেও আগামী শনিবার জাতীয় লোক আদালত অনুষ্টিত হবে । রাজ্যের বিভিন্ন জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে লোক আদালত অনুষ্ঠিত হবে ।

শ্রীভূমি জেলায়ও আগামী শনিবার জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশ আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্টিত হবে । লোক আদালতে শ্রীভূমি জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসাযোগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি করা হবে । এছাড়া জাতীয় লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের আগে

বিভিন্ন বিবাদের নিষ্পত্তি করা হবে । শ্রীভূমি জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে রেলে কন্টেইনারের মাধ্যমে চা পরিবহনের ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে আজ মালিগাও-এ চা পরিবহন সংস্থা , চা সমিতি, রপ্তানীকারক এবং উৎপাদকদের সংগে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । উল্লেখ্য উত্তর-পূর্ব সীমান্ত রেল প্রতি বছর অসম থেকে প্রায় ১৬০ মিলিয়ন কিলোগ্রাম চা রপ্তানী করে থাকে ।

---------------------------------------------------------------------------------------